



বাংলাদেশ হাইকমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোর্ট লুই, মরিশাস

HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Port Louis, Mauritius



প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধুর এক'শ এক তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২১ পালন

পোর্ট লুইস, ১৭ মার্চ, ২০২১

বাংলাদেশ হাইকমিশন পোর্ট লুইস, মরিশাস যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এক'শ এক তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২১ পালন করে। এ উপলক্ষ্যে হাইকমিশন প্রাঙ্গণে সংক্ষিপ্ত আকারে একটি ইন-হাউজ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মরিশাসে স্থানীয়ভাবে কোভিড-১৯ পুনরায় ছড়িয়ে পড়ায় গত ১০ মার্চ, ২০২১ হতে ২৫ মার্চ, ২০২১ পর্যন্ত লক ডাউন ঘোষণা করায় দূতাবাসের নির্ধারিত অনুষ্ঠানটি স্থগিত করা হয়। উল্লেখ্য, মরিশাসের মাননীয় উপ-প্রধানমন্ত্রী ও শিক্ষা, টারশিয়ারি শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী মিসেস লিলা দেবী দুকোন লাচমন-কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত রেখে ইউনিভার্সিটি অব মরিশাসে নির্ধারিত অনুষ্ঠানটি আয়োজন করার সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছিল।

অনুষ্ঠান উপলক্ষ্যে মান্যবর হাইকমিশনার জাতীয় পতাকা উত্তোলন এবং দূতাবাসের সকল কর্মকর্তাকে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। জাতির জনক বঙ্গবন্ধু এবং ১৫ই আগস্ট তাঁর পরিবারের শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণীসমূহ পাঠ করা হয়। আলোচনা সভায় উপস্থিত সকলে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং স্বাধীন দেশের নাগরিক হিসেবে গর্ববোধ করেন।

মান্যবর হাইকমিশনার রেজিনা আহমেদ, তাঁর বক্তব্যে বঙ্গবন্ধু এবং ১৫ই আগস্ট ১৯৭৫ সালে আত্মদানকারী সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ব্যক্ত করেন। হাইকমিশনার তাঁর বক্তব্যে লকডাউন চলাকালীন মরিশাস সরকার ঘোষিত সকল নির্দেশনা এবং স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য প্রবাসী বাংলাদেশী ও কর্মীদের আহ্বান জানান। তিনি বলেন, ইতোমধ্যে মরিশাস সরকার বিভিন্ন কল কারখানার কর্মীদেরকে কোভিড-১৯ টিকার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করেছে। তাই প্রবাসী বাংলাদেশী কর্মীগণ ভ্যাকসিন গ্রহণপূর্বক কোভিড-১৯ মোকাবেলায় সরকারকে সহায়তা করার জন্য অনুরোধ করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে মান্যবর হাইকমিশনার দূতাবাসের কর্মকর্তাদের নিয়ে কেক কাটেন।

